ফাইল ওপেন করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৮

tutorial.hamimit.com/কিভাবে-ফাইল-ওপেন-করবেন

যেকোন প্রোগ্রামে প্রয়োজনীয় কাজ সম্পাদন করার পর ফাইল সংরক্ষণ করা হয়। পরবর্তীতে এই সংরক্ষিত **ফাইল ওপেন** করার প্রয়োজন হয়।

আজকের টিউনে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে **কিভাবে সংরক্ষিত ডকুমেন্ট বা ফাইল ওপেন করবেন** সে বিষয়ে বিস্তারিত আলোচনা করবো, ইনশাআল্লাহ্।

একটি বিষয়ে আমরা পূর্বের টিউনে অবগত হয়েছি যে, উইন্ডোজ ভিত্তিক কোন প্রোগ্রামে কোন ফাইল সেভ করলে স্বয়ংক্রিয়ভাবে **.docx** এক্সটেইনশন যুক্ত হয়ে থাকে।

এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে সংরক্ষিত ফাইল দুটি পদ্ধতিতে ওপেন করতে পারি।

পদ্ধতি – ১:

- ডেস্কটপ কিংবা যে কোন মাধ্যমে **My Computer** ওপেন করুন।
- এবারে যে ড্রাইভের যে ফোল্ডারে আপনার ওয়ার্ড ফাইলনটি সংরক্ষণ করেছেন সেখানে যান।
- অতপর প্রয়োজনীয় ফাইলটির ওপর মাউস দ্বারা ডাবল ক্লিক করুন।


লক্ষ্য করুন, এম এস ওয়ার্ড প্রোগ্রামটি চালু হয়েছে এবং ফাইলটি পর্দায় প্রদর্শিত হচ্ছে।


পদ্ধতি – ২:

সংরক্ষিত বা সেভ করা ফাইল ওপেন করার জন্য নিম্নের পদক্ষেপ গ্রহণ করুন।


- এম এস ওয়ার্ড ২০১৬ ওপেন করুন।
- খালি একটি ডকুমেন্ট ওপেন হবে। ইচ্ছে করলে কীবোর্ডের **Ctrl+W** চেপে ফাইলটি বন্ধ করে দিতে পারেন।
- এবারে **File** ট্যাব ক্লিক করুন।

  প্রদর্শিত মেন্যু হতে **Open** অপশন ক্লিক করুন।







লক্ষ্য করুন, **Recent** অপশনটি সিলেক্টকৃত অবস্থায় রয়েছে। এবং ডানে কারেন্ট যে সমস্ত ফাইল নিয়ে কাজ করছেন সেগুলো প্রদর্শিত হচ্ছে।



- এখানে যদি আপনার ফাইলটি খুঁজে পান তবে তার ওপর ক্লিক করুন। ফাইলটি ওপেন হবে।
- অথবা, **Browse** ক্লিক করুন।



- এবারে যে ড্রাইভের যে ফোল্ডারে আপনার ওয়ার্ড ডকুমেন্ট বা ফাইলটি সেভ বা সংরক্ষণ করেছেন চান তা ওপেন করুন।
- অতপর প্রয়োজনীয় ফাইলের ওপর ডাবল ক্লিক করুন।
- **অথবা,** ফাইলটি সিলেক্ট করে **Open** বাটন ক্লিক করুন।



কিভাবে কীবোর্ড সর্টকাট দ্বারা সেভ করা ফাইল ওপেন করবেন?

- এম এস ওয়ার্ড ২০১৬ ওপেন করুন।
- কীবোর্ডের **Ctrl+W** চেপে নিউ ডকুমেন্টটি বন্ধ করে দিন। (বন্ধ না করলেও চলবে।)
- এবারে কীবোর্ডের **Ctrl+O** চাপুন।
- লক্ষ্য করুন, পর্দায় **Open** এর ডায়ালগ বক্স প্রদর্শিত হচ্ছে।
- এবারে পূর্বে উল্লেখিত নিয়মে প্রয়োজনীয় ফাইল ওপেন করুন।

নোট: একটি বিষয়ে গুরুত্ব সহকারে অবগত করতে চাই যে, ওপরে বর্ণিত নিয়মে উইন্ডোজ ভিত্তিক যে কোন প্রোগ্রামের ফাইল ওপেন করতে পারবেন।

কিভাবে ফাইল সেভ করবেন? এমএস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৭

কিভাবে ফাইল বন্ধ করবেন? এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৯

> আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে ওপেনকৃত কোন ফাইল বন্ধ করবেন সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।